

■ সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৫২৬

১৭. যুদ্ধাভিযান অধ্যায় (كتاب السير)

পরিচ্ছেদঃ ৪৭. (বন্টনের পূর্বে) গণীমাত্রের মাল হতে নেওয়া কোনো পশুর উপর আরোহণ করা ও তা থেকে নিয়ে পোশাক পরিধান করা নিষেধ

بَابُ النَّهْيِ عَنْ رُكُوبِ الدَّابَّةِ مِنْ الْمَغْنَمِ وَلِبْسِ التَّوْبِ مِنْهُ

আরবী

أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ خَالِدٍ حَدَّثَنَا مُحَمَّدٌ هُوَ ابْنُ إِسْحَاقَ عَنْ يَزِيدَ هُوَ ابْنُ أَبِي حَبِيبٍ عَنْ أَبِي مَرْزُوقٍ مَوْلَى لِتُجَيْبَ قَالَ حَدَّثَنِي حَنْشُ الصَّنْعَانِيُّ قَالَ غَزَوْنَا الْمَغْرِبَ وَعَلَيْنَا رُوَيْفُعُ بْنُ ثَابِتٍ الْأَنْصَارِيُّ فَافْتَحَنَا قَرْيَةً يُقَالُ لَهَا جَرْبَةٌ فَقَامَ فِينَا رُوَيْفُعُ بْنُ ثَابِتٍ الْأَنْصَارِيُّ خَطِيبًا فَقَالَ إِنِّي لَا أَقُولُ مِنْ فِيكُمْ إِلَّا مَا سَمِعْتُ مِنْ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَامَ فِينَا يَوْمَ خَيْبَرَ حِينَ افْتَحَنَاهَا مَنْ كَانَ يُؤْمِنُ بِاللَّهِ وَالْيَوْمِ الْآخِرِ فَلَا يَرْكَبُنَّ دَابَّةً مِنْ فِيهِ الْمُسْلِمِينَ حَتَّىٰ إِذَا أَجْحَفَهَا أَوْ قَالَ أَعْجَفَهَا قَالَ أَبُو مُحَمَّدٍ أَنَا أَشْكُ فِيهِ رَدَّهَا وَمَنْ كَانَ يُؤْمِنُ بِاللَّهِ وَالْيَوْمِ الْآخِرِ فَلَا يَلْبِسْ ثَوْبًا مِنْ فِيهِ الْمُسْلِمِينَ حَتَّىٰ إِذَا أَخْلَقَهُ رَدَّهُ فِيهِ

বাংলা

২৫২৬. হানাশ সান'আনী বলেন, আমরা পশ্চিমাঞ্চল তথা মরক্কোতে যুদ্ধ করেছি আর সেখানে আমাদের উপর দায়িত্বশীল ছিলেন রুওয়াইফি' ইবন সাবিত আল আনসারী রাদ্বিয়াল্লাহু আনহু। আমরা জারবাহ' নামক এক শহরটিতে বিজয় লাভ করলে রুওয়াইফি' ইবনু সাবিত আল আনসারী রাদ্বিয়াল্লাহু আনহু আমাদের মধ্যে খুতবা প্রদানের উদ্দেশ্যে দণ্ডয়মান হয়ে বলেন, আমি তোমাদের মাঝে দণ্ডয়মান হতাম না, যদি আমি আমি রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে একথা বলতে না শুনতাম। তিনি খায়বার (যুদ্ধের) দিন আমরা সেখানে বিজয় লাভ করলেতিনি আমাদের মাঝে দণ্ডয়মান হয়ে বলেন, “যে ব্যক্তি আল্লাহর উপর এবং কিয়ামতের দিনের উপর ঈমান রাখে, সে যেন মুসলিমদের গণীমতের মালের কোন বাহনের উপর সওয়ার না হয়, এমনকি সে তার ক্ষতি করে- আবু মুহাম্মদ বলেন: এ ব্যাপারে আমার সন্দেহ যে, অথবা তিনি বলেছেন- তা দূর্বল করে - ফেরত দেয়। আর যে ব্যক্তি আল্লাহর উপর এবং কিয়ামতের দিনের উপর ঈমান রাখে, সে যেন মুসলিমদের প্রাপ্ত গণীমতের মাল থেকে কোন কাপড় না পরে, এমনকি সে তা পুরাতন করে এতে ফেরত দেয়।”[1]

ফুটনেট

[1] তাহকীক: এর সনদ যয়ীফ, তবে হাদীসটি সহীহ।

তাখরীজ: এটি ২৫২০ (অনুবাদে ২৫১২) নং এ গত হয়েছে।

হাদিসের মান: **সহিহ (Sahih)** পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=82809>

 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন